

জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন, প্লট-এফ ১/এ, আগারগাঁও
শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭

তারিখ: ০২ এপ্রিল, ২০২৬ খ্রিস্টাব্দ

প্রেস বিজ্ঞপ্তি

সম্পূর্ণ Automated পদ্ধতিতে ৬০০ প্রতিষ্ঠান ভ্যাট অডিটের জন্য নির্বাচন করেছে জাতীয় রাজস্ব বোর্ড

ভ্যাট অডিট প্রক্রিয়ায় সম্পূর্ণ স্বচ্ছতা নিশ্চিত করার লক্ষ্যে Automated Risk Management Module এর সফল বাস্তবায়ন করেছে জাতীয় রাজস্ব বোর্ড। e-VAT System এ সংযোজিত Automated Risk Management Module এ ২০ টি risk criteria এর ভিত্তিতে সম্পূর্ণ স্বয়ংক্রিয় পদ্ধতিতে অডিটের জন্য প্রতিষ্ঠান নির্বাচনের প্রক্রিয়া শুরু করা হয়েছে।

নতুন এই Risk Management Module এর আওতায় সুনির্দিষ্ট risk criteria এর ভিত্তিতে সম্পূর্ণ স্বয়ংক্রিয় পদ্ধতিতে অডিটের জন্য প্রতিষ্ঠান নির্বাচনের প্রক্রিয়া শুরু হয়েছে। প্রাথমিকভাবে ২০টি Risk criteria নির্ধারণ করে ঝুঁকির ব্যপকতার বিবেচনায় সুনির্দিষ্ট weightage এর ভিত্তিতে স্বয়ংক্রিয়ভাবে অডিটের জন্য প্রতিষ্ঠান নির্বাচন করা হয়েছে। এ নির্বাচন প্রক্রিয়ায় কোনরূপ ম্যানুয়াল হস্তক্ষেপের কোন সুযোগ না থাকায় অডিট নির্বাচন প্রক্রিয়া সম্পূর্ণ স্বচ্ছ করার জন্য করদাতা এবং সুশীল সমাজের দীর্ঘদিনের দাবি পূরণ হলো। এ পদ্ধতিতে নির্বাচিত প্রতিষ্ঠানসমূহের অডিট কার্যক্রম সম্পন্ন হওয়ার পর কার্যকর ফলাফল পাওয়া না গেলে Risk criteria সমূহ এবং এতে ব্যবহৃত weightage পরবর্তিতে পরিবর্তন করা হবে।

নতুন সংযোজিত এই স্বয়ংক্রিয় ব্যবস্থায় প্রাথমিকভাবে ৬০০টি প্রতিষ্ঠান নির্বাচন করে জাতীয় রাজস্ব বোর্ডের ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে। এই ৬০০টি প্রতিষ্ঠানের মধ্যে ৪০৫টি উৎপাদনকারী প্রতিষ্ঠান, ৯৮টি সেবাপ্রদানকারী প্রতিষ্ঠান, ৬৫টি খুচরা ও পাইকারি বিক্রেতা প্রতিষ্ঠান এবং ৩২টি আমদানিকারক/রপ্তানিকারক প্রতিষ্ঠান রয়েছে। ভ্যাট অডিটের জন্য প্রতিষ্ঠান নির্বাচনের এ স্বয়ংক্রিয় ব্যবস্থা চালুর ফলে স্বচ্ছতা, নিরপেক্ষতা ও কার্যকারিতা বৃদ্ধির মাধ্যমে ভ্যাট ব্যবস্থাপনাকে করদাতা বান্ধব করার পাশাপাশি রাজস্ব ফাঁকি রোধ করাও সম্ভব হবে মর্মে জাতীয় রাজস্ব বোর্ড আশা করে।

জাতীয় রাজস্ব বোর্ড